উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সাধারণসভারকার্যবিবরণী:

সভাপতি : জনাব সুকান্ত সাহা ,প্রশাসক, উপজেলাপরিষদ, শান্তিগঞ্জ।
সভারস্থান: : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভারতারিখ : ২১ নভেম্বর,২০২৪খ্রি:
সময় : সকাল ১০.০০ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবেসভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবেনা বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণকরা হয়।অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্লোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কিনা সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতেকোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়। বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহীঅফিসার, শান্তিগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | বিগত মাসেরউপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br><br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলেরব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জকার্যালয়ের অক্টোবর/২০২৪ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০২ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের অক্টোবর/২০২৪ মাসের মাসিক,আপ্যায়ণও অন্যান্য বিল ভ্যাটসহ | ২৩৭৯০/- |
| ০৩ | উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের অক্টোবর/২০২৪ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৪ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৪ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ০৫ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৪ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ০৬ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর সেপ্টেম্বর/২০২৪মাসের মজুরী বিল । | ১৭০৫০/- |
| ০৮ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর অক্টোবর/২০২৪ মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- |
| | | |

বিভাগ ওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে আর্থি উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) খাতে ১ম কিস্তি বাবদ ৩০ লক্ষ ২১ হাজার টাকা পাওয়া গেছে। বিগত মাসিক সভায় সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিলের জন্য বলা হলে, প্রস্তাবিত প্রকল্প দাখিল করেন (পরিশিষ্ট-খ) । প্রকল্পগুলো সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। দাখিলীয় প্রকল্পগুলোর মধ্যে জনসম্পৃক্ত/শিক্ষামূলক/জনগুরুত্বপূর্ণ প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে অনুমোদনপূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। চেয়ারম্যান, পাথারিয়া ইউপি জানান যে, পাথারিয়া বাজারে জরুরী ভিত্তিতে রাস্তার কাজ শুরু করার অনুরোধ জানান। | ১। ২০২৪-২০২৫ অর্থ বছরে আর্থি উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত দাখিলীয় প্রকল্পগুলো অধিকতর যাচাইবাছাইয়ান্তে অনুমোদন করতে হবে।দাখিলীয় প্রকল্পগুলোর মধ্যে জনসম্পৃক্ত/শিক্ষামূলক/জনগুরুত্বপূর্ণ প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে, অত্র উপজেলায় এইচপিভি টিকার কার্যক্রম চলমান রয়েছে। পাথারিয়া ইউনিয়নের গাজীনগর মাদ্রাসার ছাত্রীদের প্রানঘাতি জরায়ু ক্যান্সার টিকা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। সম্প্রতি ডেলিভারী রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে কিন্তু ডাক্তার স্বল্পতার কারণে স্বাস্থ্য সেবা ব্যহত হচ্ছে। তিনি জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শান্তিগঞ্জ এর অভ্যন্তরে ডাস্টবিন সরবরাহের জন্য সভায় অনুরোধ জানানো হয়। তাছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. ১০-১৪ বছর বয়সী কিশোরীকে এইচপিভি টিকা নিতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শান্তিগঞ্জ এর অভ্যন্তরে ডাস্টবিন সরবরাহের জন্য একটি প্রকল্প দাখিল করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ এর পক্ষে ডাঃমাজিদুল ইসলাম তপন, এলইও জানান যে, তালিকাভূক্ত খামারীদের গবাদি পশুর সুরক্ষার জন্য জিপিএস ট্রেকিং কার্যক্রম শুরু করা হয়েছে। পর্যায়ক্রমে কৃষক পর্যায়ের গবাদিপশুকেও এর আওতায় আনা হবে। | কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষিকর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র উপজেলায় এ বছর সঠিক সময়ে হাইব্রীড বীজ বিতরণ করা হয়েছে। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, বীজ আরও আগে বিতরণ করতে পারলে কৃষকগণ উপকৃত হবে। আগামী মাসে বোরো ফসলের আবাদ কার্যক্রম শুরু হবে উক্ত কার্যক্রমে সেচের অভাবে যদি কোনো হাওরে কৃষি জমি চাষ করতে ব্যহত হয়। তা সুনির্দিষ্টভাবে বিএডিসিকে অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। | ১. কৃষকদের বোরো ফসল কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলাউপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা শান্তিগঞ্জ সভায় জানান যে,পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১০ টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে এবং ইমপ্রুভ টয়লেটের কাজ চলমান। বন্যা প্রকল্পের আওতায় সাবমারসিবল টিউবওয়েলের তালিকা প্রস্তুতের জন্য ইউএনডিপি কতৃক যাচাই-বাছাই কার্যক্রম শুরু হয়েছে। সংশ্লিষ্ট সকলকে তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। এছাড়া ইতিপূর্বে স্থাপন করা যেসকল নলকূপ নষ্ট কিংবা পানি সরবরাহ করছে না তার তালিকা দাখিলের জন্য সবাইকে অনুরোধ করেন। | ১. সাবমারসিবল টিউবওয়েলের তালিকা দাখিলের ক্ষেত্রে অবশ্যই কমপক্ষে ৮-১০ টি পরিবার সমন্বিত ভাবে আবেদন করতে হবে। | ১।উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা,শান্তিগঞ্জসভায় জানান যে, জেলে নিবন্ধন অনলাইনের মাধ্যমে নিবন্ধিত করা হবে। বিল/জলমহাল খননে জেলেদের মধ্যে নানা জঠিলতা দেখা দিতে পারে। এ বিষয়ে উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম সম্পর্কে স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে অবহিত করেন। | অত্র উপজেলার মৎস্য নিবন্ধন সঠিকভাবে কাজ করতে হবে। খনন কাজে উপজেলা প্রশাসনের সহযোগিতা অব্যাহত থাকবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান এ উপজেলায় পুরাতন ১১৫০৩ জনকে, নতুন ২২২৬ জনসহ সর্বমোট ১৩৭২৯ জনকে বিভিন্ন ধরণের পদ্ধতির মাধ্যমে সেবা প্রদান করা হয়। অত্র উপজেলায় সক্ষম দম্পতি সংখ্যা-৩০৯৫১ জন। পরিবার পরিকল্পনা গ্রহণকারীর সংখ্যা ২৩৬৪৭ জন , বর্তমানে পদ্ধতি গ্রহণকারীর হার ৭৬.৪০%। এ উপজেলায় মোট গর্ভবতী ১৪১২ জন, চলতি মাসে নতুন গর্ভবতীর সংখ্যা-২২১ জন। উপজেলার ০৬টি ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০১ টি করে মা ও শিশু কল্যাণ কেন্দ্র রয়েছে। গর্ভবতী মহিলাদের এএনসি ও পিএনসি এবং নিরাপদ প্রসব সেবা প্রদান করা হচ্ছে। তাছাড়াও তাঁর বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে পরিষদকে অবহিত করেন। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনার **সিদ্ধান্ত গৃহীত হয়।** | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে অতিদারিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর আওতায় অত্র উপজেলার ০৮ টি ইউনিয়ন হতে উক্ত প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের বিষয়ে ৫৫১ জন শ্রমিকের বিপরীতে ১৭ টি প্রকল্প পাওয়া গেছে। প্রকল্প তালিকাটি সভায় আলোচনা/যাচাই করা হয়। অদ্যাবধি বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে। তাছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে পরিষদকে অবহিত করেন। | (ইজিপিপি) এর প্রকলপ যাচাই বাছাই করে সভায় অনুমোদন করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিকশিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে, প্রাথমিক বিদ্যালয়গুলোতে বার্ষিক পরীক্ষা চলমান রয়েছে। অত্র উপজেলার ৯৭ টি বিদ্যালয়ে গণিত এবং ইংরেজি বিষয়ের উপরে প্রশিক্ষণ চলছে। শিক্ষক কর্মচারীগণের সম্পদের হিসাব কতৃপক্ষের মাধ্যমে প্রেরণ করা হয়েছে।তাছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | প্রাথমিক শিক্ষার মান বাড়াতে সবাইকে প্রাথমিক শিক্ষার প্রতি গুরুত্বের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শান্তিগঞ্জ সভায় জানান মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের ইএফটি কার্যক্রম সম্পন্ন করা হয়। ০২টি গর্ভমেন্ট স্কুলের শিক্ষকের শূন্যপদের তালিকা প্রেরণ করা হয়েছে। সকল মাধ্যমিক বিদ্যালয়গুলোতে নির্বাচনী পরীক্ষা সমাপ্ত হয়েছে। বিদ্যালয় গুলোতে মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। তাছাড়াও তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে উপজেলা পরিষদ, অবহিত করেন। | মাধ্যমিক শিক্ষার মান বাড়াতে মনিটরিং জোরদারসহ নির্বাচনী পরীক্ষার বিষয়ে গুরুত্ব দিতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা,শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা শান্তিগঞ্জ সভার জানান যে, বঙ্গবন্ধু মডেল ভিলেজ সমবায় ঋণ আদায়ের জন্য সদস্যদের পত্র দেওয়া হয়েছে। ব্যক্তিগত যোগাযোগ করে ঋণ আদায় বাড়ানোর প্রচেষ্টা অব্যাহত আছে। ২০২২-২০২৩ অর্থ বছরে অডিট ফি আদায় ৮৯৯৮০/- | বিভাগীয় কার্যক্রম ও ঋণ আদায়ে গতিশীলতা আনতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | টাকা, উন্নয়ন তহবিল আদায়-৫৩৬৭৫/- টাকা তাছাড়া তিনি বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে পরিষদকে অবহিত করেন। | | |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন ভাতার ১ম কিস্তির প্রে-রোল এর টাকা ভাতাভোগীদের একাউন্টে প্রেরণ করা হয়েছে। প্রতিটি ইউপিতে ভিক্ষুক পুর্নবাসনের জন্য ০৩ জন ব্যক্তির জাতীয় পরিচয়পত্রের নম্বর,মোবাইল নম্বরসহ তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়। চেয়ারম্যান পূর্ব পাগলা ও পশ্চিম পাগলা ভিক্ষুকের তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। বেদে পল্লী, হিজড়া ও অনগ্রসর জনগোষ্ঠীদের ভাতা প্রদানের জন্য তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে পরিষদকে অবহিত করেন। | ০১. ভিক্ষুক পুর্নবাসনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগদের নিকট হতে তথ্য সংগ্রহ করে দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>২। চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) প্রকল্প, ফেইজ-২ এর উপকারভোগী শিশুদের ভাতার টাকা যথাসময়ে প্রেরণের অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,শান্তিগঞ্জ সভায় জানান যে, সরকারি সিদ্ধান্তমতে ইতিপূর্বে নিয়োগকৃত খাদ্যবান্ধব ডিলার বাতিল হয়ে যাবে। নভেম্বরে ও এমএস এর ডিলার নিয়োগ কার্যক্রম চলমান থাকবে। খাদ্য বান্ধব তালিকা সংশোধনের সুযোগ দেওয়া হলে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেওয়া হবে। | খাদ্যবান্দব/ওমএস ও অন্যান্য কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, নির্দিষ্ট সময়ের বিবর্তনে সমগ্র দেশের অর্থনৈতিক কাঠামোগত পরিবর্তন সম্পর্কে সার্বিক ধারণা লাভ করার উদ্দ্যেশ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় সমগ্র বাংলাদেশের ন্যায় SVRS (Sample Vital Registrationo System), HBES ( Household Base Environment Survey) HMSS (Health and Morbidity Status Survey), MICS (Multiple Index Cluster Survey) কার্যক্রম চলমান । তাছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | অর্থনৈতিক শুমারি কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান অত্র উপজেলার দরগাপাশা ইউনিয়নে ২০-২৫ জনকে ভিডিপি প্রশিক্ষণ দেয়া হবে। পর্যাক্ষমে এ প্রশিক্ষনণ আরো প্রশিক্ষনার্থীর সংখ্যা বৃদ্ধি করা হতে পারে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | কার্যক্রম ও প্রশিক্ষণে আরো গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট প্রোগ্রামের আবেদনের জন্য প্রচারনা (মাইকিং,সোসাল মিডিয়া,শিশু সুরক্ষা হাব/কিশোর কিশোরী ক্লাবের মাধ্যমে) চলমান। ১০ ডিসেম্বর,২০২৪ হতে অনলাইনে আবেদন শুরু। মা ও শিশু সহায়তা প্রোগ্রামের কাজ চলমান আছে। কোনো অভিযোগ থাকলে তা যাছাই করা হবে। জয়িতা অন্বেশনের জন্য সকল ইউনিয়ন থেকে আবেদন গ্রহণ করা হয়েছে। তাছাড়াও তাঁর বিভাগীয় স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | গর্ভবতী মহিলাদের ভাতা নির্দিষ্ট সময়ে না পাওয়ার বিষয়ে সকল ইউ'পি চেয়রম্যানগণসহ পরিষদকে অবহিত করতে হবে। | ১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্র মসম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান। এ বিভাগের আওতায় ০৩ জনকে ৫০,০০০/-টাকা করে মোট ১,৫০,০০০/- টাকা ঋণ প্রদানা করা হয়। খেলাপী ঋণীদের নোটিশ প্রদান করা হয়েছে। আগামী ০১লা নভেম্বর জাতীয় যুব দিবস-২০২৪। আগামীতে ৪২০ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে, প্রতি ব্যচে ৩০ জন করে ১4টি ব্যাচ । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লীসঞ্চয়ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান তাঁর প্রতিষ্ঠানের ঋণ আদায় ৬০% হয়েছে। তাছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে পরিষদকে অবহিত করেন। | ঋণ আদায় কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) সভায় নিম্নোক্ত প্রকল্পগুলোর বিষয়ে বিস্তারিত আলোচনা ক রা হয়।<br><br>১. উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে প্রজেক্টর না থাকায় সরকারি বিভিন্ন প্রশিক্ষণ/সেমিনার/ভিডিও কনফারেন্সিং ও অন্যান্য জরুরী কাজে মাল্টিমিডিয়া ব্যবহারের জন্য এফ আইভিডিবির সহযোগিতা নিতে হয়। তাই উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে ০২ টি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি স্থাপন যেমন- **Multimedia Projector, Brand Epson, 3Lcd, Res-1024×768, 3300 Lumens, 70 ×70 porjector, Appolo Brand, celling mount,power cable,slide presenter, Full HD Wireless display Receiver (VWD)-1, with instalation.** বাবদ ১,৯৯,৭৫০/-(ভ্যাট ও আয়কর ব্যতিত) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ঞ) অনুযায়ী পরিশোধ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(খ) জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের ১০ টি ডাস্টবিন ক্রয় করা হয়েছে। উক্ত ডাস্টবিন বাবদ ৪৮৪৫০/- (আটচল্লিশ হাজার চারশত) পঞ্চাশ হাজার টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ভ) অনুযায়ী পরিশোধ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শান্তিগঞ্জ ও ইউনিয়ন পরিষদে বর্জ্য ব্যবস্থাপনার জন্য পরিবেশবান্ধব প্লাস্টিকের বিন সরবরাহ সংক্রান্ত প্রকল্প গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। ২০২৪-২০২৫ অর্থ বছরে গৃহীত প্রকল্প হতে "উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন পরিষদ বর্জ্য ব্যবস্থাপনা" প্রকল্প গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(ঘ) চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি,শান্তিগঞ্জ জানান যে, পশ্চিম বীরগাও ইউনিয়নের হাওরে কৃষকগণ বোরো ধান ঘরে তুলার জন্য কয়েকটি জায়গায় ছোট কালভার্ট/ব্রীজ তৈরি করা হলে ০৩টি | (ক) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে ০২ টি মাল্টিমিডিয়া প্রজেক্টর বাবদ অর্থ অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ঞ) অনুযায়ী পরিশোধ করতে হবে।<br><br>(খ) উপজেলা পরিষদের ১০ টি ডাস্টবিন ৪৮৪৫০/- (আটচল্লিশ হাজার চারশত) পঞ্চাশ হাজার টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ভ) অনুযায়ী পরিশোধ করতে হবে।<br><br>(গ) ২০২৪-২০২৫ অর্থ বছরে গৃহীত প্রকল্প হতে "উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন পরিষদ বর্জ্য ব্যবস্থাপনা" প্রকল্প গ্রহণ করতে হবে। | ১.উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ।<br><br>২. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ।<br><br>৩. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ইউনিয়নের কৃষকগণ উপকৃত হবে। এ বিষয়ে উপজেলা কৃষি অফিসারউপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ এঁর দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, প্রকল্পের সঠিক জায়গা নির্বাচনপূর্বক একটি প্রকল্প কৃষি অফিসারের মাধ্যমে বিএডিসি সুনামগঞ্জ বরাবরে প্রেরণের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ) জনস্বার্থেপশ্চিম বীরগাও হাওরে কৃষকের বোরো ধান সহজে ঘরে তুলার জন্য প্রয়োজনীয় সংখ্যাক কালভার্ট/ব্রীজ নির্মাণ করতে হবে। | ৪. উপজেলা কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| | | (ঙ) সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও উপজেলা প্রশাসন,শান্তিগঞ্জ কর্তৃকবাস্তবায়িত কাবিটা প্রকল্পের মাধ্যমে হাওর রক্ষা বাধের কাজ আগামী মাসের মধ্যেই শুরু করা হবে। চলতি বছর অপ্রয়োজনীয় কোনো প্রকল্প যেনো গ্রহণ না করা হয় সেদিকে কঠোর দৃষ্টি দেওয়া হবে। সংশ্লিষ্ট সকলকে পি আইসি নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক প্রকলপ দাখিলের জন্য সভায় উপস্থাপন করেন। পি আইসি গঠন/প্রকল্প দাখিলের ক্ষেত্রে বাধের পাশ্ববর্তী প্রকৃত কৃষককে অগ্রাধিকার দেওয়া হবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ঙ) নীতিমালা অনুযায়ী পি আইসি গঠনে সংশ্লিষ্ট সকলকে কার্যকর ভূমিকা রাখতে হবে। | ৫. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |
| | | (চ) শান্তিগঞ্জ উপজেলাধীন পশ্চিম পাগলা ইউনিয়নের পাগলা বাজারের নদীর পাড়ের ফিস সেড ও সবজি সেড ০২ টি ঘুর্ণিঝড়ে ভেঙ্গে যাওয়ার ফলে বৃষ্টির দিনে বাজারে আসা ক্রেতা-বিক্রেতাগণ কেনা বেচা করতে পারে না। জেলেরা মাছ সংরক্ষণ ও বিক্রি করতে সমস্যা হয়। অনেকে ইউনিয়ন পরিষদের গেইটের সামনে এসে মাছ নিয়ে বসে থাকে। জনস্বার্থে জরুরী ভিত্তিতে পাগলা বাজারের ফিস সেড ও সবজি সেড ০২ টি নির্মাণ করা হয়েছে। ব্যয়িত অর্থ হাটবাজার তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | (চ) পাগলা বাজারের ফিস সেড ও সবজি সেড ০২ টি নির্মাণ সংক্রান্ত ব্যয় উপজেলা হাটবাজার তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৬. উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১১/২০২৪
(সুকান্ত সাহা)
প্রশাসক
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারকনং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ১৭৬ (৫০)

তারিখ: ২১/১১/২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩.পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৬. জনাব.............................................................................................. কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৭. সহকারীপ্রোগ্রামার, উপজেলাকার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়েবপোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮.চেয়ারম্যান ....................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা...................................................................................

২৭/১১/২০২৪
(সুকান্ত সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ

## উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা :

(তারিখ: ২৭/১১/২০২৪ খ্রিঃ)

(জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্থান: উপজেলা সম্মেলন কক্ষ,শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

| ক্র:নং | পদবী | নাম | মোবাইলনং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | মো: ফজলে রাব্বি [illegible] | 01313 984500 | |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | ডাঃমোঃইকবাল হাসান | ০১৭৩৭৩৭৩১৮২ | |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ডা. মাজিদুল ইসলাম তপন ([illegible]) | ০১৩২৪২৯০৫৪৯<br>01764 683479 | Mozidul |
| ৫. | উপজেলা কৃষি কর্মকর্তা | মোঃ আহসান হাবীব | ০১৭০০৭১৬১১৪ | |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা | হোসনে আরা খাতুন | ০১৭৬৯৪৫৯৮৬৬ | |
| ৭. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | মোঃআলনূর তারেক | ০১৭০৮১৬১৬৮১ | |
| ৮. | উপজেলা পঃপঃ কর্মকর্তা | শামিম চন্দ্র তালুকদার | ০১৭১৫১৭১৬৬৮ | |
| ৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মোঃসেলিম খান | ০১৭১৮০৬৪৮৮০ | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মোঃআনিসুর রহমান | ০১৭২১৬৩৬৩২০ | |
| ১১. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | তাছলিমা আক্তার লিমা | ০১৯১৫৫৪৬৫৭৬ | |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ রুহুল হাসান | ০১৭১২-৭৬৯৫৯৫ | |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দ্বীপ বিশ্বাস | ০১৭৫৮১৩২৮৩৯ | |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মো: [illegible] | 01719-982760 | |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | শাহ সৈয়দ উল হাসান | ০১৭৮৫০৫৩৫৫০ | |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | মোঃ মাসুদ সরকার | ০১৬৭৩৩৮৬৭০৯ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | | |
| ১৮. | উপজেলা উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | মোঃ আতিউর রহমান | 01821-971843 | |
| ১৯. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | | ০১৭৫৪১৩৯৫০২ | |
| ২০. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | অসীম বরণ তালুকদার | 01670-591751 | |
| ২১. | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | নীতিশ চন্দ্র বর্মণ | ০১৯৩৮৮৭৯৪২৮ | |
| ২৩. | ডিজিএম জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি,শান্তিগঞ্জ। | মো: ইসমাইল মাহমুদ | 01769407240 | |
| ২৪. | চেয়ারম্যান,জয়কলস ইউপি | আব্দুল বাছিত সুজন | ০১৭৮৮৫৭৩০৪০ | |
| ২৫. | চেয়ারম্যান,পাথারিয়া ইউপি | মোঃশহীদুল ইসলাম | ০১৭৯৯৭০৪৮৫৬ | |
| ২৬. | চেয়ারম্যান,শিমুলবাক ইউপি | শাহীনুর রহমান | ০১৭০৮৭৯৬৮৪৪ | |
| ২৭. | চেয়ারম্যান,পূর্ববীরগাও ইউপি | রিয়াজুল ইসলাম | ০১৭২৯৫৮৭৭৯৭ | |
| ২৮. | চেয়ারম্যান,পশ্চিমবীরগাও ইউপি | লুৎফুর রহমান জায়গীরদার (মোহন) | ০১৯১৮১০৬৪৫০ | |
| ২৯. | চেয়ারম্যান,পূর্ব পাগলা ইউপি | মাসুক মিয়া | ০১৭৪৫৮৭৪৮৬৩ | |
| ৩০. | চেয়ারম্যান,পশ্চিমপাগলা ইউপি | মোঃজগলুল হায়দার | ০১৭৪৮৯১৩৯৪৪ | |
| ৩১. | চেয়ারম্যান,দরগাপাশা ইউপি | মোঃসুফি মিয়া | ০১৭৩০১৭৮৬২৯ | |
| ৩২. | সংরক্ষিতমহিলা আসনের সদস্য | 01780094223 | | |
| ৩৩. | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | জেবুন্নেসা বিবি |
| ৩৪. | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| | [illegible] শান্তিগঞ্জ | হোসাইন আহমদ বিপ্লব | [illegible] | |